**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ১৩৭/২০১৭-১৮**

**ঢাকা, সোমবার ১৫ জানুয়ারি ২০১৮, ২ মাঘ ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। বিশ্ব ইজতেমার আখেরি মোনাজাতে অংশ নিলেন প্রধানমন্ত্রী

২। প্রধানমন্ত্রীর সঙ্গে কানাডার নবনিযুক্ত হাইকমিশনারের সাক্ষাৎ

৩। পরমাণু বিদ্যুৎকেন্দ্রে ৫ স্তরের নিরাপত্তাবিশিষ্ট রিঅ্যাক্টর স্থাপন করা হচ্ছে : সংসদে বিজ্ঞানমন্ত্রী

প্রতিটি জেলায় একটি করে বিশ্ববিদ্যালয় হবে : সংসদে শিক্ষামন্ত্রী

প্রাথমিক বিদ্যালয়ে ৬ হাজার শিক্ষক নিয়োগ শীঘ্রই : সংসদে গণশিক্ষামন্ত্রী

৪। শর্তসাপেক্ষে শীঘ্রই নতুন শিক্ষাপ্রতিষ্ঠান এমপিওভুক্ত করা হবে : অর্থমন্ত্রী

৫। পোশাক শ্রমিকদের জন্য মজুরি বোর্ড গঠন করেছে সরকার

৬। ইইউতে পোশাক রফতানি বাড়ছে

৭। আমরা সবজি চাষে বিপ্লব ঘটিয়েছি : কৃষিমন্ত্রী

৮। নির্বাচন নিয়ে সংকট নেই : তথ্যমন্ত্রী

৯। দেশের আইনশৃঙ্খলা অনেক দেশের চেয়ে ভালো : স্বরাষ্ট্রমন্ত্রী

১০। কারুশিল্পীদের ভাতা প্রদানের সিদ্ধান্ত নিয়েছে সরকার : সংস্কৃতিমন্ত্রী

১১। বিদ্যুৎ ও পানি সরবরাহ খাতে বড় অংকের ঋণ দিল জার্মানি

চলমান পাতা-২

১। **বিশ্ব ইজতেমার আখেরি মোনাজাতে অংশ নিলেন প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে বিশ্ব ইজতেমার প্রথম পর্বের আখেরি মোনাজাতে অংশ নিয়েছেন। টঙ্গীর তুরাগ তীরে গতকাল (১৪ জানুয়ারি রোববার) আখেরি মোনাজাতের মধ্য দিয়ে ৫৩তম বিশ্ব ইজতেমার প্রথম পর্ব শেষ হয়েছে। এবারই প্রথম বাংলায় আখেরি মোনাজাত অনুষ্ঠিত হলো। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.১)।

২। **প্রধানমন্ত্রীর সঙ্গে কানাডার নবনিযুক্ত হাইকমিশনারের সাক্ষাৎ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন. তাঁর সরকার চায় দেশে গণতন্ত্র সুষ্ঠুভাবে অব্যাহত থাকুক। এ প্রসঙ্গে তিনি স্বচ্ছ ব্যালট বাক্স এবং ছবিসহ ভোটার তালিকা প্রস্তুতের কথা উল্লেখ করেন। বাংলাদেশে কানাডার নবনিযুক্ত হাইকমিশনার বিনোইট প্রিফানটেইন গতকাল (১৪ জানুয়ারি রোববার) প্রধানমন্ত্রীর সঙ্গে তাঁর সংসদ ভবনের কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করতে গেলে তিনি আগামী নির্বাচন প্রসঙ্গে এ কথা বলেন। দু'দেশের পারস্পরিক স্বার্থে কানাডার আরো বিনিয়োগ কামনা করে প্রধানমন্ত্রী বলেন, 'অর্থনৈতিক উন্নয়ন ত্বরান্বিতকরণে আমাদের আরো বিনিয়োগ প্রয়োজন। বিনিয়োগ আর্কষণ ও কর্মসংস্থানের বিভিন্ন সুযোগ-সুবিধাসহ আমরা দেশে **১শ'** বিশেষ অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠা করেছি'। কানাডার হাইকমিশনার রোহিঙ্গাদের আশ্রয় এবং সকল প্রকার সহযোগিতা প্রদানের জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন বাংলাদেশ সরকারের উচ্ছ্বসিত প্রশংসা করেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৭), **যুগান্তর** (শেষ পৃ.,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৮), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.১)।

৩। **পরমাণু বিদ্যুৎকেন্দ্রে ৫ স্তরের নিরাপত্তাবিশিষ্ট রিঅ্যাক্টর স্থাপন করা হচ্ছে : সংসদে বিজ্ঞানমন্ত্রী**
**প্রতিটি জেলায় একটি করে বিশ্ববিদ্যালয় হবে : সংসদে শিক্ষামন্ত্রী**
**প্রাথমিক বিদ্যালয়ে ৬ হাজার শিক্ষক নিয়োগ শীঘ্রই : সংসদে গণশিক্ষামন্ত্রী**

বিজ্ঞান ও প্রযুক্তিমন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান বলেছেন, বিদ্যুৎ উৎপাদনের জন্য বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন বিশ্বমানের পরমাণু বিদ্যুৎকেন্দ্র নির্মাণের লক্ষ্যে রাশিয়া থেকে ভিভিইআর-**১২০০** মডেলের পাঁচ স্তর নিরাপত্তাবিশিষ্ট দু'টি নিউক্লিয়ার রিঅ্যাক্টর স্থাপনের কাজ বাস্তবায়ন করছে। গতকাল (১৪ জানুয়ারি রোববার) জাতীয় সংসদে প্রশ্নোত্তর পর্বে এক প্রশ্নের জবাবে মন্ত্রী এসব কথা বলেন।

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, দেশের প্রতিটি জেলায় সরকারি-বেসরকারি উদ্যোগে একটি করে বিশ্ববিদ্যালয় স্থাপনের পরিকল্পনা সরকারের রয়েছে। গতকাল সংসদে এক প্রশ্নের জবাবে মন্ত্রী আরও বলেন, ধনী-গরিব নির্বিশেষে সবার জন্য উচ্চশিক্ষার পথ সুগম করতে এ উদ্যোগ নেওয়া হবে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৬)।

বিদ্যালয়হীন গ্রামে যে **১৫ শ'** স্কুল প্রতিষ্ঠা করা হয়েছে সেসব স্কুলের জন্য অচিরেই ছয় হাজার শিক্ষক নিয়োগ দেওয়া হবে বলে জানিয়েছেন প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান। গতকাল (১৪ জানুয়ারি রোববার) জাতীয় সংসদে প্রশ্নোত্তর পর্বে এক প্রশ্নের জবাবে মন্ত্রী এ কথা বলেন। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.৪), **ইত্তেফাক** (পৃ.১৭,ক.৫), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.১)।

৪। **শর্তসাপেক্ষে শীঘ্রই নতুন শিক্ষাপ্রতিষ্ঠান এমপিওভুক্ত করা হবে : অর্থমন্ত্রী**

শীঘ্রই নতুন শিক্ষাপ্রতিষ্ঠান এমপিওভুক্ত করা হবে জানিয়ে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বলেছেন, সেখানে কয়েকটি শর্ত জুড়ে দেবেন তিনি। সচিবালয়ে গতকাল (১৪ জানুয়ারি রোববার) সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে মন্ত্রী এ কথা বলেন। কি কি শর্তে এমপিও দেওয়া হবে, এ প্রশ্নে অর্থমন্ত্রী বলেন, অবকাঠামো উন্নয়নের জন্য কিছু অংশ বরাদ্দ থাকবে, বিভিন্ন উপকরণ কেনার জন্যও। এমপিওভুক্তি নিয়ে শীঘ্রই সভা হবে জানিয়ে মন্ত্রী বলেন, সেখানে আলোচনা হবে। এ মাসের মধ্যেই মিটিং হবে। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৩), **সংবাদ** (শেষ পৃ.,ক.২), **ডেইলি স্টার** (শেষ পৃ.,ক.২), **অবজারভার** (শেষ পৃ.,ক.৫)।

৫। **পোশাক শ্রমিকদের জন্য মজুরি বোর্ড গঠন করেছে সরকার**

তৈরিপোশাকশিল্পের শ্রমিক-কর্মচারীদের ন্যূনতম নতুন বেতন কাঠামো নির্ধারণে মজুরি বোর্ড গঠন করেছে সরকার। আগামী ছয় মাসের মধ্যে বোর্ডকে মজুরি নির্ধারণ করে সুপারিশ দিতে বলা হয়েছে। গতকাল (১৪ জানুয়ারি



রোববার) সচিবালয়ে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষে এক সংবাদ সম্মেলনে এ কথা জানান শ্রম প্রতিমন্ত্রী মুজিবুল হক চুন্নু। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ.,ক.৪)।

**৬। ইইউতে পোশাক রফতানি বাড়ছে**

সবচেয়ে বড় বাজার ইউরোপীয় ইউনিয়নে তৈরিপোশাকের রফতানি বাড়ছে ধারাবাহিকভাবে। গত তিন বছর ধরেই রফতানি বেড়েছে। সর্বশেষ চলতি অর্থবছরের প্রথম ছয় মাসে রফতানি বেড়েছে ১১ শতাংশ। সামগ্রিকভাবে যেখানে এ খাতের রফতানি বেড়েছে ৭ শতাংশ। তৈরিপোশাক রফতানিতে গড়ে ৬১ শতাংশ আসে ইউরোপীয় ইউনিয়নভুক্ত (ইইউ) ২৮ দেশ থেকে। গত জুলাই-ডিসেম্বরে এ হার ৬৫ শতাংশ হয়েছে। রফতানি উন্নয়ন ব্যুরো ও বিজিএমইএ'র তথ্য অনুযায়ী, গত ছয় মাসে ইইউতে পোশাক রফতানি বেড়েছে আগের একই সময়ের তুলনায় ১০ দশমিক ৯৫ শতাংশ। গত বছরের একই সময়কালে বৃদ্ধির হার ছিল ১০ দশমিক ১২ শতাংশ। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬)।

**৭। আমরা সবজি চাষে বিপ্লব ঘটিয়েছি : কৃষিমন্ত্রী**

কৃষিমন্ত্রী বেগম মতিয়া চৌধুরী বলেছেন, আমরা সবজি চাষে বিপ্লব ঘটিয়েছি। ঘরবাড়ি, ক্ষেত-খামারের পাশাপাশি পানিতেও ভাসমান সবজি চাষ করা হচ্ছে। আগে শুধু শীতকালে সবজি পাওয়া যেত। কিন্তু এখন আমাদের দেশে ১২ মাসই সব ধরনের সবজি পাওয়া যায়। গতকাল (১৪ জানুয়ারি রোববার) রাজধানীর ফার্মগেটে কৃষিবিদ ইনস্টিটিউশন চত্বরে জাতীয় সবজি মেলা ২০১৮ উপলক্ষে আয়োজিত সেমিনারে বিশেষ অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। 'সারা বছর সবজি চাষে, পুষ্টি-স্বাস্থ্য-অর্থ আসে' এ প্রতিপাদ্য নিয়ে কৃষি মন্ত্রণালয়ের উদ্যোগে তৃতীয়বারের মতো শুরু হয়েছে তিন দিনব্যাপী এ জাতীয় সবজি মেলা। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৫), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৪)।

**৮। নির্বাচন নিয়ে সংকট নেই : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, আগামী জাতীয় সংসদ নির্বাচন নিয়ে কোনো অনিশ্চয়তা বা সংকট নেই। আর নির্বাচনকালীন সরকার ও নির্বাচন কমিশনের এখতিয়ারের সীমা সংবিধানেই সুস্পষ্ট আছে। গতকাল (১৪ জানুয়ারি রোববার) তথ্য মন্ত্রণালয়ে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে তিনি এ কথা বলেন। সূত্র-**প্রথম আলো** (পৃ.২,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.২,ক.১), **ইনকিলাব** (পৃ.২,ক.৪)।

**৯। দেশের আইনশৃঙ্খলা অনেক দেশের চেয়ে ভালো : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, বাংলাদেশের আইনশৃঙ্খলা পৃথিবীর অনেক দেশের চেয়ে ভালো। স্বরাষ্ট্রমন্ত্রী গতকাল (১৪ জানুয়ারি রোববার) সচিবালয়ে ডিজিটাল অ্যাকসেস কন্ট্রোল সিস্টেম এবং পর্যবেক্ষণ টাওয়ারের উদ্বোধন অনুষ্ঠানে এ কথা বলেন। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, বাংলাদেশে আইনশৃঙ্খলা মানুষের প্রত্যাশা অনুযায়ী চলছে, এখানে আইনশৃঙ্খলা রক্ষাকারীবাহিনী কাজ করছে এবং জনগণ আমাদের সহযোগিতা করছে। সেজন্যই আমরা মনে করি, আমাদের আইনশৃঙ্খলা পৃথিবীর অন্য অনেক দেশের চেয়ে ভালো। সূত্র-**প্রথম আলো** (পৃ.২,ক.১), **জনকণ্ঠ** (পৃ.৪,ক.৬), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.২)।

**১০। কারুশিল্পীদের ভাতা প্রদানের সিদ্ধান্ত নিয়েছে সরকার : সংস্কৃতিমন্ত্রী**

সংস্কৃতিবিষয়কমন্ত্রী আসাদুজ্জামান নূর বলেছেন, দক্ষ কারুশিল্পীদের ভাতা প্রদানের মাধ্যমে এ শিল্পকে টিকিয়ে রাখার সিদ্ধান্ত নিয়েছে সরকার। শীঘ্রই সারা বাংলাদেশে গ্রামীণ কারুশিল্পীদের বাছাই করে তালিকা প্রণয়ন করা হবে। গতকাল (১৪ জানুয়ারি রোববার) নারায়ণগঞ্জের সোনারগাঁয়ে মাসব্যাপী লোককারুশিল্প মেলা ও লোকজ উৎসবের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র : **সংবাদ** (শেষ পৃ.,ক.৭), **সমকাল** (পৃ.৫,ক.৬)।

**১১। বিদ্যুৎ ও পানি সরবরাহ খাতে বড় অংকের ঋণ দিল জার্মানি**

দেশের নবায়নযোগ্য জ্বালানি, বিদ্যুৎ খাতের আরও উন্নয়ন, পানি সরবরাহ ও ক্লাইমেট চেঞ্জ ঠেকাতে ৩৩৭ দশমিক ২০ মিলিয়ন ইউরো ঋণ দিয়েছে জার্মানি (প্রায় তিন হাজার ৩৮৬ কোটি ১৬ লাখ ২৪ হাজার টাকা)। গতকাল (১৪ জানুয়ারি রোববার) রাজধানীর শেরেবাংলা নগরে অর্থনৈতিক সম্পর্ক বিভাগে (ইআরডি) বাংলাদেশ সরকার ও জার্মানির মধ্যে এ ঋণচুক্তি স্বাক্ষরিত হয়। সরকারের পক্ষে ঋণচুক্তিতে স্বাক্ষর করেন ইআরডি সচিব কাজী শফিকুল আযম এবং জার্মান সরকারের পক্ষে রাষ্ট্রদূত টমাস প্রিনজ। সূত্র-**যায়যায়দিন** (পৃ.২,ক.১), **ইনকিলাব** (পৃ.৩,ক.৩), **যুগান্তর** (পৃ.১৭,ক.৫)।

**সম্পাদকীয়**

**ক.** **ইত্তেফাক :** সার্কভুক্ত দেশগুলির মধ্যে জনসংখ্যার অনুপাতে ইন্টারনেট ব্যবহারকারীর সংখ্যার দিক থেকে বাংলাদেশ শীর্ষ অবস্থানে আছে উল্লেখ করে ইন্টারনেট সেবার মান বৃদ্ধি করার ওপর গুরুত্বারোপ।

**খ.** **সমকাল, যায়যায়দিন :** বাংলাদেশ যাত্রীকল্যাণ সমিতির হিসাবমতে ২০১৭ সালে সড়ক দুর্ঘটনায় ৭ হাজার ৩৯৭ জনের মৃত্যু হয়েছে এ তথ্যে উদ্বেগ প্রকাশ করে সড়ক দুর্ঘটনা রোধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

**গ.** **প্রথম আলো, যুগান্তর :** রোহিঙ্গাদের দেশে ফিরিয়ে নিতে মিয়ানমার সরকারের সাথে চুক্তি অনুযায়ী প্রত্যাবাসন প্রক্রিয়া এগিয়ে নেওয়ার চেষ্টার পাশাপাশি আন্তর্জাতিক পর্যায়ে মিয়ানমারের ওপর চাপ অব্যাহত রাখার সুপারিশ।

**ঘ.** **সংবাদ :** মাদক নিয়ন্ত্রণে তালিকাভুক্ত মাদক ব্যবসায়ীদের বিরুদ্ধে সর্বাত্মক ব্যবস্থা নেওয়ার আহ্বান।

**ঙ.** **ইন্ডিপেনডেন্ট :** বন্যপ্রাণী পাচারে বিভিন্ন প্রজাতির প্রাণীর বিলুপ্তির আশঙ্কা করে পাচাররোধে সীমান্ত এলাকায় কড়াকড়ি আরোপ এবং পাচাররোধে পুরস্কারের ব্যবস্থা করে বন্যপ্রাণীর বিলুপ্তি ঠেকানোর পরামর্শ।

**চ.** **ডেইলি সান, ভোরের কাগজ :** শীত মৌসুমে প্রাকৃতিক গ্যাস সংকটে রাজধানীর বিভিন্ন এলাকায় রান্নার কাজে ভোগান্তি পোহাতে হচ্ছে উল্লেখ করে প্রাকৃতিক গ্যাসের নতুন উৎস সন্ধান করে গ্যাসের অপচয় রোধ করে সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে এর সরবরাহ নিরবচ্ছিন্ন রাখার আহ্বান।

**ছ.** **ডেইলি স্টার :** জঙ্গিদের ৭২ শতাংশই জামিনে বের হয়ে এসেছে একটি জাতীয় দৈনিকে এ তথ্য প্রকাশিত হওয়ায় উদ্বেগ প্রকাশ করে এ ব্যাপারে সরকার ও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে সতর্ক হওয়ার পরামর্শ।

**জ.** **অবজারভার :** নিয়োগ প্রক্রিয়ায় স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে ডিজিটাল প্রযুক্তির ব্যবহার করার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ।

**উপসম্পাদকীয়**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, টেকসই কৃষি উন্নয়ন তথা বিভিন্ন ফসল ও শস্য বহির্ভূত কৃষিখাতের উৎপাদন বৃদ্ধির জন্য কৃষি যান্ত্রিকীকরণ এখন সময়ের দাবি।

**নিবন্ধ ও ফিচার**

**ইনকিলাব** পত্রিকায় প্রকাশিত **'পারিবারিক হিংসা থেকে মহিলাদের সুরক্ষা'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, পারিবারিক নির্যাতনের শিকার মহিলাদের আইনি সুরক্ষা দিতে হবে।

#

ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/৯.০০ঘন্টা/২০১৮